

3 (Sem-5) BEN M 6

2 0 1 4

BENGALI

(Major)

Paper : 5.6

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

(ক) বনবাস থেকে রামচন্দ্রকে ফিরিয়ে আনতে ভরত কোন স্থানে গমন করেছিলেন ?

(খ) দক্ষিণারায়ের বাসস্থান কোথায় ?

(গ) শূন্যস্থান পূর্ণ করো :

“চললে হাঁপানি, থামলে —।”

(ঘ) ‘উলট-পুরাণ’-এর মিস্টার ক্র্যামের পাঠশালাটির নাম কী ?

(ঙ) ‘বড় বাজারে’-এর মেছোহাটায় মাছের দালাল কে ?

(চ) কমলাকান্ত টেকিরূপে স্বর্গে গিয়ে দেবরাজের কাছে কী পুরস্কার প্রার্থনা করেছিলেন ?

(ছ) “তুমি নিজে কালো—পরানপ্রতিপালিত, তোমার চক্ষে সকলই ‘কু’—” ‘পরানপ্রতিপালিত’ শব্দের অর্থ কী ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) 'স্বয়ংবরা' গল্পের নায়িকার নাম কী? তিনি কোন্ দেশের অধিবাসী?
- (খ) 'রাষ্ট্রবিৎ' পত্রিকায় কোন্ কোন্ ভারতীয় দ্রব্যের বিজ্ঞাপন প্রকাশিত হয়েছিল?
- (গ) "দোকানদারগণ বিনা ছানায়, শুধু গুড়ে, আশ্চর্য সন্দেহ করিয়া, সস্তা দরে বিক্রয় করিতেছে।" এখানে কোন্ দোকানদারদের কথা বলা হয়েছে? প্রকৃত তাৎপর্যে তাঁরা সস্তা দরে কী বিক্রি করছিলেন?
- (ঘ) 'মনুষ্য ফল' প্রবন্ধে কমলাকান্ত দেশি হাকিমদের কোন্ ফল বলে চিহ্নিত করেছেন? কেন?

৩। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর লেখো :

৫×৩=১৫

ক—গুচ্ছ

- (ক) "হাস্যদমনের জন্য সত্য একটি মুষ্টিযোগ ব্যবহার করিয়া থাকে।" 'মুষ্টিযোগ' মানে কি? এই মুষ্টিযোগটির পরিচয় দাও।
- (খ) "ত্রেতাযুগের লোকগুলো ছিল কুচুন্ডে রাসকেল"—কে এই উক্তি করেছিলেন? প্রসঙ্গ উল্লেখ করে এর তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) তাৎপর্য বিশ্লেষণ করো :

"মা লক্ষ্মী, তোমার ঠোঁটের সিঁদুর অক্ষয় হোক।"

খ—গুচ্ছ

- (ক) 'আমার মন' প্রবন্ধে কমলাকান্ত 'পঞ্চানন্দ' বলতে কোন্ কোন্ আনন্দকে নির্দেশ করেছেন, আলোচনা করো।
- (খ) "আমিও—আমি শ্রীকমলাকান্ত চক্রবর্তী স্বয়ং, একদিন খানায় পড়িয়াছিলাম।" কমলাকান্ত কেন খানায় পড়েছিলেন? বৃত্তান্তটি বিবৃত করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছ, প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) 'কচি সংসদ' গল্পের হাস্যরস সম্বন্ধে আলোচনা করো।
- (খ) 'স্বয়ংবরা' গল্পের পরিসমাপ্তি সম্বন্ধে আলোচনা করো।
- (গ) 'উলট-পুরাণ' গল্পের সার ট্রিকসি টার্নকোটের চরিত্রটি পর্যালোচনা করো।

খ—গুচ্ছ

- (ক) 'বসন্তের কোকিল' প্রবন্ধের নামকরণের সার্থকতা বিচার করো।
- (খ) 'টেকি' প্রবন্ধের অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের কমলাকান্তের চরিত্রটি আলোচনা করো।

★ ★ ★